দৈনিক সংবাদ

তারিখ 18 AUG 1993
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৮ ...

160

**পদোন্নতির সাড়ে ৩ বছর পর**

# ৩৭ হাজার প্রাথমিক শিক্ষক প্রাপ্য বেতন ভাতা পাচ্ছেন না

॥ শিশির শীল ॥

দেশের ৩৭ হাজার প্রাথমিক শিক্ষক গত সাড়ে তিন বছর ধরে অনিশ্চয়তার মাঝে চাকরি করছেন। তাদেরকে পদোন্নতি দিয়ে সহকারী শিক্ষক থেকে সহকারী প্রধান শিক্ষক করা হয়েছে। কিন্তু তারা এখনো পর্যন্ত পদোন্নতির জন্য প্রাপ্য প্রয়োজনীয় সুযোগ-সুবিধা এবং বেতন পাচ্ছে না। ফলে তাদের চাকিরর ভবিষ্যৎ কি-হবে বা তারা পদোন্নতিপ্রাপ্ত ক্ষেলে বেতন-ভাতাদি পাবেন, কিনা-এ নিয়ে সংশয় দেখা দিয়েছে। সাবেক রাষ্ট্রপতি এরশাদের শাসনামলে অর্থ, পরিকল্পনা ও সংস্থাপন মন্ত্রণালয়ের অনুমোদন ছাড়া ওই ৩৭ হাজার শিক্ষককে গণপদোন্নতি দেয়া হয়। ১৯৮৯ সালের ৭ই ডিসেম্বর তৎকালীন শিক্ষা অধিদপ্তরের মহা-পরিচালক এক সার্কুলারের মাধ্যমে ওই পদোন্নতির আদেশ জারি করেন। যা স্ব স্ব জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের আদেশের মাধ্যমে পর্যায়ক্রমে তা বাস্ত-বায়িত হয়। সে সময় ওই আদেশে বলা হয়, ''পদোন্নতি প্রাপ্ত শিক্ষক-শিক্ষিকাগণ নিজ দায়িত্ব পালনের জন্য আপাতত কোন আর্থিক সুবিধা পাবেন না। এ ব্যাপারে সরকারের গৃহীত সিদ্ধান্ত পরে জানানো হবে।''

এরপর থেকে আজ পর্যন্ত এ ব্যাপারে কোন চূড়ান্ত সিদ্ধান্ত না হওয়ায় সংশ্লিষ্ট শিক্ষক/শিক্ষিকাদের মনে গভীর ক্ষোভ সৃষ্টিহয়েছে।